



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ১৪৬১৮

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/নীলফামারী-২৩/১৮৫/১৩

তারিখঃ ১/০১/২০১৭খ্রিঃ

বিষয় : বেতনভাতা প্রদানের বিষয়ে নির্দেশনা/মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং- ০৫.৪৭.৭৩৪৫.০০১.০৫.০১৩.১৬-৯৬৩(২); তারিখঃ ০২ নভেম্বর ২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলাধীন গাড়াগ্রাম খায়রিয়া দাখিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত সুপারের পূর্ণ বেতন বিলে প্রতিস্বাক্ষর করা বিধি সম্মত হবে কিনা? সে বিষয়ে চাহিত নির্দেশনা/মতামত প্রদান সংক্রান্ত পত্রের পরিপ্রেক্ষিতে বিস্তারিত পর্যালোচনাপূর্বক মতামত প্রদানের জন্য সংশ্লিষ্ট মাদরাসা সংক্রান্ত নথিটি অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার নিকট প্রেরণ করা হয়।

বিজ্ঞ আইন উপদেষ্টা বিস্তারিত পর্যালোচনা পূর্বক “উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী শিক্ষক-কর্মচারীদের বেতন-বিলে প্রতিস্বাক্ষর করতে পারবেন কিন্তু সাময়িক বরখাস্ত শিক্ষক/সুপারের পূর্ণ বেতন দেওয়ার আইনগত সুযোগ নাই” মর্মে মতামত প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায় আইন উপদেষ্টার মতামতের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী।

নং- বামাশিবো/প্রশা/নীলফামারী-২৩/

তারিখঃ ১/০১/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, নীলফামারী।
২. জেলা শিক্ষা অফিসার, নীলফামারী।
৩. সুপার/ভারপ্রাপ্ত সুপার, গাড়াগ্রাম খায়রিয়া দাখিল মাদরাসা, কিশোরগঞ্জ, নীলফামারী।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪